



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ ফেব্রুয়ারি ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়ির আলুটিলায় অন্ত্যেষ্টিক্রিয়ায় আগতদের ট্রাক চাপা দেয়ার ঘটনা পরিকল্পিত হত্যাকাণ্ড

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক প্রদীপন খীসা আজ ৩ ফেব্রুয়ারি ২০১৭ শুক্রবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে খাগড়াছড়ির আলুটিলায় এক বৌদ্ধ ভিক্ষুর অন্ত্যেষ্টিক্রিয়ায় আগতদের ট্রাক চাপা দেয়ার ঘটনাকে পরিকল্পিত হত্যাকাণ্ড বলে অভিহিত করে অবিলম্বে ঘাতক ট্রাক ড্রাইভারের দৃষ্টান্তমূলক বিচার ও শাস্তি দাবি করেছেন।

স্থানীয় প্রশাসন এ হত্যাকাণ্ডের দায় এড়াতে পারে না উল্লেখ করে বিবৃতিতে তিনি আরো বলেন, প্রয়াত বৌদ্ধ ভিক্ষু ভদন্ত চন্দ্রমনি মহাস্থবিরের অন্ত্যেষ্টিক্রিয়ায় হাজার হাজার লোকের সমাগম ঘটলেও প্রশাসন পর্যাপ্ত নিরাপত্তা ও ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করেনি, যার কারণে চালকরা গাড়ির গতি সীমিত না করে জনসমাগমপূর্ণ স্থানে পূর্বের গতিতে গাড়ি চালাতে সক্ষম হয়েছে।

ইউপিডিএফ নেতা ঘটনার সুষ্ঠু তদন্তে একটি নিরপেক্ষ কমিটি গঠন, আহতদের বিনামূল্যে সুচিকিৎসার ব্যবস্থা গ্রহণ ও নিহতদের পরিবারকে যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদানেরও দাবি জানিয়েছেন।

এছাড়া তিনি নিহতদের পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও আহতদের আশু আরোগ্য কামনা করেছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।